FEB. 3 2001

তারিখ ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# শিক্ষক সমিতির হুমকি

বেসরকারি স্কুল-কলেজের শিক্ষকদের চাকরি জাতীয়করণ ও কালো চুক্তি বাতিলের দাবিতে বাংলাদেশ শিক্ষক সমিতি আসন্ন এসএসসি ও দাখিল পরীক্ষা বর্জনের হুমকি দিয়েছে। সমিতি আজ এবং আগামীকাল দেশের প্রতিটি স্কুল, কলেজ ও মাদ্রাসায় শিক্ষক ধর্মঘটের ডাক দিয়েছে।

গতকাল শিক্ষক সমিতির সহ-সভাপতি জুলফা মোহাম্মদ, মহাসচিব নজরুল ইসলাম, অতিরিক্ত মহাসচিব খলিলুর রহমান ভূঁইয়া ও যুগ্ম মহাসচিব ফোরকান আহমেদ গতকাল এক বিবৃতিতে এই হুমকি দিয়ে কর্মসূচি সফল করার আহ্বান জানান।

বিবৃতিতে নেতৃবৃন্দ বলেন, সরকার এই সময়ের মধ্যে দাবি পূরণে ব্যর্থ হলে শিক্ষকরা আগামী ১ মার্চ থেকে লাগাতার ধর্মঘট কর্মসূচি শুরু করবেন। সংবাদ বিজ্ঞপ্তি'র।